



# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

“বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে”

স্থাপিত - ১৯৮৪



সরকারিভাবে জর্ডান এর নিডেল ক্রাফট কোম্পানিতে কোয়ালিটি সুপারভাইজার (পুরুষ - Male) পদে কর্মী নিয়োগে সাক্ষাৎকার

বিজ্ঞপ্তি নং-৪৯.০২.০০০০.০০০.১১.০০২.২২- ২৯৫

তারিখ: ১৩.০৫.২০২৬ খ্রি.

বোয়েসেল এর মাধ্যমে জর্ডানস্থ নিডেল ক্রাফট কোম্পানি এর অধীনে নিম্নবর্ণিত পদে শুধুমাত্র দক্ষ পুরুষ কর্মী নিয়োগ করা হবে:

ক্র.নং	পদের নাম	পদের সংখ্যা	মাসিক বেতন	শিক্ষাগত যোগ্যতা	আবেদনের মাধ্যম
০১	কোয়ালিটি সুপারভাইজার (পুরুষ) Quality Supervisor- (Male)	১৫ (পনের) জন	৩৫০ হতে ৪০০ জর্ডানি দিনার ওভারটাইম (নাই)।	এসএসসি/এইচএসসি (SSC/HSC) পাশ হতে হবে।	অনলাইন আবেদন লিংক: <a href="https://brms.boesl.gov.bd/">https://brms.boesl.gov.bd/</a> (অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ ১০০ টাকা ও চার্জ পরিশোধ করে আবেদন করতে হবে)

অনলাইন আবেদন গ্রহণ : প্রতি পদের বিপরীতে ১:১৫ অনুপাতে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে আবেদন গ্রহণ করা হবে। সর্বোচ্চ ২২৫ জনের আবেদন গৃহীত হলে সয়ংক্রিয় ভাবে আবেদন গ্রহণ প্রক্রিয়া বন্ধ হয়ে যাবে।

অভিজ্ঞতা: গার্মেন্টস ফ্যাক্টরিতে পদ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৩-৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) বয়স ২৫-৩৫ বছর এর মধ্যে হতে হবে। ইংরেজীতে কথা বলা ও লেখায় পারদর্শি হতে হবে।

বি.দ্র : আবেদনকৃত প্রার্থীদের প্রাথমিক ভাবে বাছাই করা হবে। বাছাইতে উত্তীর্ণ প্রার্থীদের চূড়ান্ত পরীক্ষা গ্রহণ করা হবে।

চাকরির শর্তাবলি:

- (১) চাকরির চুক্তি ৩ (তিন) বৎসর (নবায়নযোগ্য) (২) শিক্ষানবিশ সময়কাল ৩ (তিন) মাস
- (৩) দৈনিক ৮ (আট) ঘণ্টা ডিউটি, সপ্তাহে ৬ (ছয়) দিন এবং ওভারটাইম (নাই)।
- (৪) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং পরিবহনের ব্যবস্থা করা হবে।
- (৫) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফিরে আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে।
- (৬) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো ফৌজদারি মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত হবে।
- (৭) একাধিক পাসপোর্ট থাকলে সঙ্গে আনতে হবে। (৮) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

বোয়েসেল- এর সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ: নির্বাচিত কর্মীদের বোয়েসেল- এর সার্ভিস চার্জ, জীবন বীমা এবং ওয়েজ আর্নাস কল্যাণ ফি বাবদ সমুদয় খরচ কোম্পানি বহন করবে। মেডিকেল ফি, পিডিও ও ফিজিয়ার প্রিন্টের ফি নির্বাচিত কর্মীদের বহন করতে হবে। তবে জর্ডানে গমন করার পরে মেডিকেল ফি, পিডিও ও ফিজিয়ার প্রিন্টের ফি বাবদ খরচের টাকা কোম্পানি কর্মীকে ফেরত প্রদান করবেন।

সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে: (ক) নিজের বায়োডাটা (খ) ৪ (চার) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা) (গ) মূল পাসপোর্ট (একাধিক পাসপোর্ট থাকলে সংগে আনবেন) (ঘ) পাসপোর্টের ছবিযুক্ত অংশের ০৫ (পাঁচ) সেট রঙিন ফটোকপি (ঙ) ভোটার আইডি কার্ড / জন্ম নিবন্ধন (চ) শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতার সনদ।

ইন্টারভিউয়ের তারিখ ও বার	উপস্থিত হওয়ার সময়	ইন্টারভিউয়ের স্থান
২১ মে ২০২৬, বৃহস্পতিবার	সকাল ০৯.০০ টায়	বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল), প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা (জর্ডান হতে অনলাইনে সাক্ষাৎকার নেয়া হবে)

বিএমইটি পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) হতে গার্মেন্টস ট্রেডে প্রশিক্ষিত সনদধারীদের অগ্রাধিকার দেওয়া হবে
চূড়ান্তভাবে কর্মী নির্বাচন না হওয়া পর্যন্ত বোয়েসেল এ কোনো ফি প্রদান করতে হয় না এবং সকল ফি/চার্জ ব্যাংকের মাধ্যমে প্রদান করা হয়
বোয়েসেল কোনো নগদ অর্থ গ্রহণ করে না বিধায় কাউকে কোনো নগদ অর্থ প্রদান থেকে বিরত থাকুন
তথ্যের জন্য যোগাযোগের নম্বর: ০২৪৮৩১৯১২৫ ও ০২৪৮৩১৭৫১৫ ও প্রবাস বন্ধু কল সেন্টার ১৬১৩৫ (রবিবার হতে বৃহস্পতিবার)

বি: দ্র: অনলাইনে আবেদন আপনাকে ইন্টারভিউতে অংশগ্রহণের সুযোগ তৈরি করে দিবে, তবে চাকরির নিশ্চয়তা বহন করবে না। চাকরির জন্য আপনাকে অবশ্যই যোগ্যতা প্রমাণের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

মাসুদ আলম শরীফ  
ব্যবস্থাপক (অর্থ ও হিসাব)

২৩/০৫/২০২৬

বোয়েসেল কর্তৃপক্ষ।  
২৩.০৫.২০২৬  
নূর আহমেদ  
জিএম (বে.ক)

অফিস ঠিকানা :

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)  
৭১-৭২, ইস্কাটন গার্ডেন  
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001: 2015



যোগাযোগ নম্বর :

ফোন : +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)  
ফ্যাক্স : +৮৮-০২-৯৩০৩৬৫২, +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭  
ই-মেইল : info@boesl.gov.bd  
ওয়েব : www.boesl.gov.bd